বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং- ২৮.১১.০০০০.২২০.৪৭.০০১.২০/৬০৯৮ তারিখঃ ০২ জানুয়ারি' ২০২০

বিষয়ঃ ০২ জানুয়ারি' ২০২০ তারিখে অনুষ্ঠিত "জাতীয় শুদ্ধাচার কৌশল"(National Integrity Strategy) কর্মপরিকল্পনা, <u>২০১৯-২০২০ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর' ২০১৯ থেকে ডিসেম্বর' ২০১৯পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ</u>

"জাতীয় শুদ্ধাচার কৌশল"( National Integrity Strategy) বাস্তবায়নের নিমিত্তে অগ্রগতির উপর পর্যালোচনা সভা অত্র কোম্পানির মহাব্যবস্থাপক (অপারেশন এন্ড মেইন্টেন্যান্স) ও নৈতিকতা কমিটির আহবায়ক, প্রকৌশলী আ, স, ম আকবর কবীর-এর সভাপতিত্বে ০২ জানুয়ারি' ২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় বিজিডিসিএল-এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপ-মহাব্যবস্থাপক (জন-সংযোগ) ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব টি, আই, কে, এম, আবুল হোসাইন কে সভায় আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

১। **প্রাতিষ্ঠানিক ব্যবস্থাঃ**

১.১। **নৈতিকতা কমিটির সভাঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অর্থ বছরের প্রত্যেক প্রান্তিকে নৈতিকতা কমিটির ০১ (এক) টি করে সভার আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সেমতে ২য় কোয়ার্টারে (অক্টোবর' ২০১৯ থেকে ডিসেম্বর' ২০১৯পর্যন্ত) ১ (এক) টি সভার আয়োজন করা হয়। এক্ষেত্রে অর্জন ১০০%।

১.২। **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি কাঠামো ২০১৯-২০২০ অর্থ বছরে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন করা হচ্ছে।

২। **দক্ষতা ও নৈতিকতার উন্নয়নঃ**

২.১। **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাঃ** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ২০১৯-২০২০ অর্থ বছরে প্রত্যেক প্রান্তিকে ০১ (এক) টি সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ২য় কোয়ার্টারে (অক্টোবর' ২০১৯ থেকে ডিসেম্বর' ২০১৯পর্যন্ত) ২ (দুই) টি সভার আয়োজন করা হয় (প্রমাণক সংযুক্ত)। এক্ষেত্রে অর্জন ২০০% ।

২.২। **অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ২০১৯-২০২০ অর্থ বছরে অনুষ্ঠিতব্য সভার সিদ্ধান্তসমূহ ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন করা হচ্ছে।

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)



২.৩। **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনঃ** ২০১৯-২০২০ অর্থ বছরে ২য় কোয়ার্টারে (অক্টোবর' ২০১৯ থেকে ডিসেম্বর' ২০১৯পর্যন্ত) ৫০ (পঞ্চাশ) জন কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ২০১৯-২০২০ অর্থ বছরে ২য় কোয়ার্টারে (অক্টোবর' ২০১৯ থেকে ডিসেম্বর' ২০১৯পর্যন্ত) ৬৪ (চৌষট্টি) জন কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। এক্ষেত্রে অর্জন ১০০% এর বেশি (প্রমাণক সংযুক্ত)।

২.৪। **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানঃ** ২০১৯-২০২০ অর্থ বছরে ২য় কোয়ার্টারে (অক্টোবর' ২০১৯ থেকে ডিসেম্বর' ২০১৯পর্যন্ত) ৫০ (পঞ্চাশ) জন কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এ বিষয়ে বর্ণিত সময়ে ৬৫ (পয়ষট্টি) জন কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। এক্ষেত্রে অর্জন ১০০% এর বেশি(প্রমাণক সংযুক্ত)।

৩। **শুদ্ধাচার কৌশল প্রতিষ্ঠায় সহায়ক আইন/ বিধি/ নীতিমালা/ ম্যানুয়েল প্রজ্ঞাপন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারিঃ**

৩.১। **কোম্পানির চাকরি প্রবিধানমালা সংশোধন/হালনাগাদকরণঃ** কোম্পানির চাকরি প্রবিধানমালা সংশোধন/হালনাগাদকরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সেমতে কার্যক্রম চলছে।

৩.২। **কোম্পানির প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ নীতিমালা সংশোধন/ হালনাগাদকরণঃ** ২০১৯-২০২০ অর্থ বছরে কোম্পানির প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ নীতিমালা সংশোধন/ হালনাগাদকরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সেমতে ০১ (এক) টি কমিটি গঠন করা হয়েছে এবং কার্যক্রম চলছে।

৪। **ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদকরণঃ**

৪.১। **সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণঃ** ২০১৯-২০২০ অর্থ বছরে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ কোম্পানির নিজস্ব তথ্য বাতায়নে দৃশ্যমান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ কোম্পানির নিজস্ব তথ্য বাতায়নে দৃশ্যমান করার কাজ চলছে।

৪.২। **স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণঃ** বিজিডিসিএল এর সংশ্লিষ্ট ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রেক্ষিতে বিজিডিসিএল এর ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হচ্ছে।

৪.৩। **স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী বিজিডিসিএল এর ওয়েবসাইটে তথ্য অধিকার আইন হালনাগাদ করা হচ্ছে।

৪.৪। **স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণঃ** বিজিডিসিএল এর ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা হচ্ছে।

Head Office: Chapapur, P. O. Box No. 97, Comilla-3500, Bangladesh. • Tel: 081-65791-95, 081-76213-14

৫। **সুশাসন প্রতিষ্ঠাঃ**

৫.১। **শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে প্রেরণ করা হয়েছে।

৫.২। **অন-লাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে অন-লাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ চলমান রয়েছে।

৬(ক)। **সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচারঃ**

৬(ক).১। **সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপনঃ** বিজিডিসিএল-এর বিভিন্ন স্থাপনায় সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে।

৬(ক).২। **হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক স্থাপনঃ** হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক স্থাপন প্রক্রিয়াধীন আছে।

৬(ক).৩। **প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং ওয়েব-সাইটে আপলোডকরণঃ** প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং ওয়েব-সাইটে আপলোডকরণ প্রক্রিয়াধীন আছে।

৬(ক).৪। **সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মাণ/ প্রস্তুতকরণঃ** সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মাণ/ প্রস্তুতকরণ প্রক্রিয়াধীন আছে।

৬(ক).৫। **সেবা প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখভিত্তিক টোকেন পদ্ধতি প্রচলনঃ** সেবা প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখভিত্তিক টোকেন পদ্ধতি প্রচলন প্রক্রিয়াধীন আছে।

৬(খ)। **প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচারঃ**

৬(খ).১। **প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনঃ** প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন প্রক্রিয়াধীন আছে।

৬(খ).২। **সামাজিক নিরাপত্তা কর্মসূচি/এডিপি বাস্তবায়ন অগ্রগতিঃ** ২০১৯-২০২০ অর্থ বছরে বিজিডিসিএল এর এডিপিভূক্ত কোন প্রকল্প নেই।

৬(খ).৩। **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণঃ** বিজিডিসিএল-এ বর্তমানে কোন প্রকল্প চলমান নেই।

৬(খ).৪। **প্রকল্প পরিদর্শন/পরীবিক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নঃ** ২০১৯-২০২০ অর্থ বছরে বিজিডিসিএল এর এডিপিভূক্ত কোন প্রকল্প নেই।

৭। <u>ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচারঃ</u>

৭.১। **পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬ (৬) অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশঃ** পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬ (৬) অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ প্রক্রিয়াধীন আছে।

৮। <u>স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণঃ</u>

৮.১। **স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশঃ** স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হচ্ছে। এক্ষেত্রে অর্জন ১০০%।

৮.২। **শাখা/অধিশাখা/অধিনস্ত অফিস পরিদর্শনঃ** ২০১৯-২০২০ অর্থ-বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী শাখা/অধিশাখা/অধীনস্থ অফিস পরিদর্শন করা হচ্ছে। এক্ষেত্রে অর্জন ১০০%।

৮.৩। **শাখা/অধিশাখা/ অধিনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী শাখা/অধিশাখা/ অধীনস্থ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করা হচ্ছে। এক্ষেত্রে অর্জন ১০০%।

৮.৪। **সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিন্যাসকরণঃ** ২০১৯-২০২০ অর্থ-বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিন্যাসকরণ করা হচ্ছে। এক্ষেত্রে অর্জন ১০০%।

৮.৫। **শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণঃ** নিয়মানুযায়ী সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্ট করার প্রক্রিয়া চলছে।

৮.৬। **প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজনঃ** ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে।

৮.৭। **অডিট আপত্তি নিষ্পত্তিকরণঃ** অডিট আপত্তি নিষ্পত্তিকরণ কার্যক্রম চলমান আছে।

৯। <u>শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমঃ</u>

৯.১। **বিদ্যুৎ, পানি ও জ্বালানির (তেল/গ্যাস) সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণঃ** বিদ্যুৎ, পানি ও জ্বালানির সাশ্রয়ী/ সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা হচ্ছে।

৯.২। **বিদ্যুৎ, পানি ও জ্বালানির বিল নিয়মিত পরিশোধকরণঃ** বিদ্যুৎ, পানি ও জ্বালানির বিল নিয়মিত পরিশোধ করা হচ্ছে।

৯.৩। **নৈতিকতা সম্পর্কিত পোস্টার/ স্টিকার/ লিফলেট/ভাঁজ তৈরি করাঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা বিষয়ক পোস্টার/ স্টিকার/ লিফলেট/ফোল্ডার তৈরির কাজ ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে নির্ধারিত আছে এবং সেমতে বাস্তবায়ন করা হচ্ছে।

৯.৪। **নৈতিকতা সম্পর্কিত পোস্টার/ স্টিকার/ লিফলেট/ফোল্ডার বিতরণ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা বিষয়ক পোস্টার/ স্টিকার/ লিফলেট/ফোল্ডার বিতরণ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ কাজ ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে নির্ধারিত আছে এবং সেমতে বাস্তবায়ন করা হচ্ছে।

৯.৫। **কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানঃ** কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এক্ষেত্রে অর্জন ১০০% এর বেশি।

১০। **শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/ প্রণোদনা প্রদানঃ**

১০.১। **শুদ্ধাচার পুরস্কার প্রদানঃ** ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে।

১০.২। **২০১৮-১৯ অর্থ-বছরের শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশঃ** ২০১৮-১৯ অর্থ-বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা সম্ভব হয়নি।

১১। **অর্থ বরাদ্দঃ**

১১.১। **শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণঃ** শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য চলতি ২০১৯-২০২০ অর্থ-বছরের জন্য ৬.০০ লক্ষ টাকা বাজেট প্রস্তাব রাখা হয়েছে।

১২। **পরিবীক্ষণ ও মূল্যায়নঃ**

১২.১। **আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০ স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর অংশ হিসেবে বিজিডিসিএল-এর কর্মপরিকল্পনা নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

১২.২। **নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণঃ** নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থায় দাখিল ও নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে।

১৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রকৌশলী আ, স, ম আকবর কবীর)
মহাব্যবস্থাপক (অপারেশন এন্ড মেইন্টেন্যান্স)
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি।

অনুলিপিঃ

১। সহকারী ব্যবস্থাপক টু পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যবস্থাপক (সমন্বয়), বিজিডিসিএল, কুমিল্লা।
৩। মহাব্যবস্থাপক (সংস্থাপন), পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা।
৪। কমিটির সকল সদস্যবৃন্দ, ........................................................................................।
৫। উপ-মহাব্যবস্থাপক (জন-সংযোগ), সদস্য-সচিব, ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নৈতিকতা কমিটি, বিজিডিসিএল, কুমিল্লা।

৬। অফিস কপি।